

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২১৬৫

পর্ব-৮: কুরআনের মর্যাদা (كتاب فضائل القرأن)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ التَّالِثُ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَعْرِبُوا الْقُرْآنَ وَاتَّبِعُوا غَرَائِبَهُ وَغَرَائِبُهُ فَرَائِضُهُ وَحُدُودُهُ» . رَوَاهُ الْبَيْهَقِيّ فِي شعب الْإِيمَان

বাংলা

২১৬৫-[৫৭] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কুরআন স্পষ্ট ও শুদ্ধ করে পড়ো। এর 'গারায়িব' অনুসরণ করো। আর কুরআনের 'গারায়িব' হলো এর ফারায়িয ও হুদৃদ (সীমা ও বিধানসমূহ)। (ইমাম বায়হাকী তাঁর শু'আবৃল ঈমান-এ বর্ণনা করেছেন)[1]

ফুটনোট

[1] খুবই দুর্বল : শু'আবূল ঈমান ২০৯৫, য'ঈফাহ্ ১৩৪৬, য'ঈফ আল জামি' ৯৩৫। কারণ এর সানাদে মা'আরিক ইবনু 'আব্বাদ একজন দুর্বল রাবী। ইমাম বুখারী (রহঃ) তার সম্পর্কে বলেন, সে মুনকারুল হাদীস।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (أَعْرِبُوا الْقُوْاَنِ) দারা উদ্দেশ্য হলো কুরআনের শব্দের অর্থ উপলব্ধি করা এবং তা প্রকাশ করা। এখানে বৈয়াকারণিক পরিভাষায় যা বুঝায় তা নয়। লুম্'আত গ্রন্থকার বলেন, এর অর্থ হলো: তার অর্থসমূহ প্রকাশ করো এবং প্রচার করো। إلايانة والافصاح পরে অর্থ হলো: তার অর্থসমূহ প্রকাশ করো করা। প্রারাবী ভাষা যারা পড়তে পারে সকলের জন্য এ হুকুম। অতঃপর আহু শারী আতদের বিশেষভাবে বলা হয়েছে যে, (وَاتَّبِعُوا غَرَائِبَهُ) তার গারায়িব-এ অনুসরণ করো। গারায়িব-এর ব্যাখ্যায় বলা হয়েছে যে, তা হলো কুরআনের ফারায়িয এবং ওয়াজিবাতসমূহ আর হুদুদ হলো আল কুরআনের নিষিদ্ধসমূহ।

'আল্লামা ত্বীবী ফারায়িযের দ্বারা মীরাসসমূহ এবং হুদূদ দ্বারা হুদূদুল আহকাম বুঝিয়েছেন।



অথবা ফারায়িয দ্বারা উদ্দেশ্য হলো ما يجب على المكلف একজন মুকাল্লাফের ওপর যা করণীয়। আর হুদূদ দ্বারা আল কুরআনের সৃক্ষ তত্ত্ব ও গৃঢ় রহস্য এবং ভেদ কথা সম্পর্কে অবহিত হওয়া।

এ ব্যাখ্যাটি আল কুরআন সম্পর্কে বর্ণিত এ হাদীসের অতীব নিকটবর্তী; হাদীসঃ (الكل آية منها ظهر وبطن আল কুরআনকে সাতটি ভাষায় নাযিল করা হয়েছে, প্রত্যেকটি আয়াতের বাহির এবং ভিতর রয়েছে। (أَعْرِبُوا الْقُرْآنَ) এ কথার দিকেই ইশারা করছে যে, এর একটি বাহির আছে। এর ফারায়িয ও হুদূদ হলো ওর ভিতরের বস্তু।

মুল্লা 'আলী আল কারী (রহঃ) বলেন, এর অর্থ হলোঃ আল কুরআনের আয়াতসমূহের দুর্লভ দিকদর্শন, গারায়িবুল আহকাম, বিস্ময়কর নির্দেশ, সকল মু'জিযার উপর চ্যালেঞ্জময় এর মু'জিযা, সর্বোত্তম শিষ্টাচার, পরকালীন জীবন-জীনদেগী ও অবস্থার উপর ভয়ভীতি প্রদর্শন এবং জান্নাতের সুখ-সামগ্রীর উপর অতীব নির্ভরযোগ্য প্রতিশ্রুতি সম্বলিত বর্ণনা বিশ্বজাতির কাছে তুলে ধরো।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন